सुशांत चौधूरी
मंत्री
खाद्य, नागरिक आपुर्ति एवं उपभोक्ता,
पर्यटन और परिवहन
त्रिपुरा सरकार

सत्यमेव जयते

**Sushanta Chowdhury**
Minister
Food, Civil Supplies & Consumer Affairs
Tourism and Transport
Government of Tripura

**ত্রিপুরা সরকার**
**পরিবহন দপ্তর**

**সড়ক সুরক্ষা অভিযান-২০২৬**
**জানুয়ারী-২০২৬, 'মৃত্যু-শূন্য মাস' হিসাবে পালনের আবেদন।**

ভারত সরকারের সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রকের নির্দেশ ও সিদ্ধান্ত অনুসারে আমাদের রাজ্যেও পরিবহন দপ্তর সড়ক সুরক্ষা অভিযানের অঙ্গ হিসাবে জানুয়ারি-২০২৬ মাসকে **'মৃত্যু-শূন্য মাস'** (Zero Fatality Month) হিসাবে পালন করার আহ্বান জানাচ্ছে।

আমরা সকলেই জানি সড়ক দুর্ঘটনা এই সময়ের একটি বড় চ্যালেঞ্জ । সড়ক দুর্ঘটনায় অনাকাঙ্খিত মৃত্যু বা অঙ্গহানি আমাদের সমাজ জীবনে অত্যন্ত বেদনাদায়ক ঘটনা । সড়ক দুর্ঘটনাজনিত মৃত্যু প্রতিরোধযোগ্য। এই বিশ্বাসকে সামনে রেখে জানুয়ারি ২০২৬ মাসকে সড়ক সুরক্ষা অভিযানের আওতায়**'মৃত্যু-শূন্য মাস'** (Zero Fatality Month) হিসাবে পালন করা হবে । এর মূল লক্ষ্য হচ্ছে, সড়ক দুর্ঘটনা রোধে পরিকল্পিত ব্যবস্থা গ্রহণ, আইনের কঠোর প্রয়োগ, দ্রুত পরিসেবা প্রদান এবং জনসচেতনতার মাধ্যমে সড়ক দুর্ঘটনায় প্রাণহানির সংখ্যা শূন্যে নামিয়ে আনা । এই কর্মসূচির সফল বাস্তবায়নে পরিবহনের দপ্তরের সাথে যুক্ত সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর, যেমন- পুলিশ, স্বাস্থ্য দপ্তর, বিভিন্ন সংস্থার সমন্বিত প্রয়াস এবং পাশাপাশি সাধারণ মানুষের দায়িত্বশীল আচরণ ও অংশগ্রহণই এই কর্মসূচির সাফল্যের মূল চাবিকাঠি । হেলমেট ও সিট-বেল্টের ব্যবহার, মদ্যপ অবস্থায় দ্রুত গতিতে গাড়ি না চালানো, চলন্ত অবস্থায় মোবাইল ব্যবহার না করা এবং ট্রাফিক নিয়ম মেনে চলা নাগরিক হিসাবে আমাদের দায়িত্ব ও কর্তব্য । নাগরিক সচেতনতার মাধ্যমে আমরা নিশ্চয়ই সড়ক দুর্ঘটনার সংখ্যা যেমন হ্রাস করতে পারি, তেমনি এর ফলে আহত ও নিহতদের সংখ্যাও কমিয়ে আনতে পারি ।

**'মৃত্যু-শূন্য মাস'** (Zero Fatality Month) কেবল একটি কর্মসূচি নয়, এটি একটি সামাজিক অঙ্গীকার । আসুন, আমরা সকলে মিলে সড়ক সুরক্ষা ব্যবস্থাকে নিরাপদ হিসাবে গড়ে তুলি এবং এই মহান উদ্যোগে আইন প্রয়োগকারী সকল সংস্থার পাশাপাশি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সকল দপ্তর, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা এবং সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের নিকট আমার আন্তরিক আবেদন - তাঁরা যেন সড়ক সুরক্ষা অভিযান ২০২৬-কে সক্রিয় ও স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন । এই কর্মসূচিকে সর্বাত্মক সাফল্যমন্ডিত ও অর্থবহ করে তুলতে সহযোগিতা করেন, যাতে দেশের অমূল্য মানবজীবন ও সম্পত্তি সুরক্ষিত রাখা যায় । একটি জীবন রক্ষা মানে একটি পরিবার ও সামগ্রিকভাবে আমাদের উজ্জ্বল ভবিষ্যৎ-কেই রক্ষা করা ।

(সুশান্ত চৌধুরী)
**মন্ত্রী, পরিবহন দপ্তর**